দৈনিক ... 
31 JUL 2008
পৃ ১২ ক ৬



ক্লিনাব : জাবির বিক্ষুব্ধ শিক্ষার্থীরা মঙ্গলবার বিকাল পাঁচটা থেকে ২০ ঘণ্টা যাবত সিন্ডিকেট সভা ঘেরাও করে রাখে

*ভিযুক্ত শিক্ষককে বরখাস্ত ও নিপীড়ন বিরোধী নীতিমালার দাবী*

# াবি'র বর্তমান ও সাবেক ভিসিসহ ন্ডিকেট সদস্যরা ২০ ঘণ্টা অবরুদ্ধ

নাশ মাহমুদ, জাবি থেকে

হাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে যৌন নিপীড়নে অভিযুক্ত শিক্ষক নাটক ও নাট্যতত্ত্ব বিভাগের াপতি অধ্যাপক সানোয়ার হোসেনের স্থায়ী বরখাস্ত এবং নিপীড়ন বিরোধী নীতিমালা য়নের দাবীতে মঙ্গলবার থেকে সাবেক ও বর্তমান ভিসিসহ সিন্ডিকেট সদস্যদের টানা ২০ টা অবরুদ্ধ করে রাখে আন্দোলনকারীরা। বিশেষ সিন্ডিকেট ঘেরাও করে রাখার এক পর্যায়ে চকাল দুপুর একটায় শতাধিক দাঙ্গা পুলিশের উপস্থিতিতে আন্দোলনকারীরা আগামী ৫ রিখ পর্যন্ত অবরোধ স্থগিত করে। সূত্র মতে, গত ৩ মে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের নাটক নাট্যতত্ত্ব বিভাগের ৪ ছাত্রী ঐ বিভাগের সভাপতি অধ্যাপক সানোয়ার হোসেনের বিরুদ্ধে ান নিপীড়নের অভিযোগ আনে। এ সময় তারা ভিসি বরাবর

পৃঃ ১১ কঃ ৪

# জাবি'র বর্তমান ও সাবেক

২-এর পৃষ্ঠার পর

নোয়ার হোসেনের শাস্তি দাবী করে লিখিত ভিযোগ দেয়। অভিযোগের পর থেকে বিভাগের ক্ষার্থীরা ঐ শিক্ষকের স্থায়ী বহিষ্কার এবং যৌন পীড়ন বিরোধী নীতিমালা প্রণয়নের দাবীতে ন্দোলন শুরু করে। সেই প্রেক্ষিতে গত ৫ মে একটি ত্যাসত্য ও গত ৩০ মে একটি অধিকতর সত্যাসত্য চাই কমিটি গঠিত হয়। কমিটির দেয়া রিপোর্টের

ত্তিতে গত ২৮ জুন সিন্ডিকেট মিটিং-এ শ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত ভিসি অধ্যাপক নিরুজ্জামানকে প্রধান করে তিন সদস্য বিশিষ্ট তদন্ত মিটি গঠিত হয়। কিন্তু অভিযোগের পর তিন মাস তিবাহিত হলেও অভিযুক্ত শিক্ষকের বিরুদ্ধে এখনো ন ব্যবস্থা নেয়া হয়নি। অপরপক্ষে অভিযুক্ত ক্ষকের শাস্তির দাবীতে শিক্ষার্থীদের আন্দোলনের খ নাটক ও নাট্যতত্ত্ব বিভাগের সকল ক্লাস পরীক্ষা

দ্ধ রয়েছে। তিন মাস পার হলেও অভিযুক্ত শিক্ষকের াস্তি না হওয়ায় এবং নীতিমালা প্রণয়ন না করায় ান্দোলনকারীরা গত মঙ্গলবার বিকাল ৫টায় অনুষ্ঠিত শেষ সিন্ডিকেট ঘেরাও করে। এ সময় তারা চলতি িন্ডিকেটে নীতিমালা প্রণয়ন দাবী করে প্রশাসনিক বনে তালা লাগিয়ে দেয়। রাত ১১ টার দিকে ভিসি ধ্যাপক মুনিরুজ্জামান ও সাবেক ভিসি অধ্যাপক াজী সালেহ আহমেদ অতিশীঘ্রই প্রস্তাবিত তিমালাটি সংশোধন ও বাস্তবায়ন করা হবে এমন াশ্বাস দেন। কিন্তু আন্দোলনকারীরা তাতে রাজী না য়ে নীতিমালা প্রণয়ন না হওয়া পর্যন্ত তালাবদ্ধ করে খার সিদ্ধান্ত নিয়ে পুনরায় তালা লাগিয়ে যায়। এ ময় অবরুদ্ধ ভিসি ও অন্যান্যরা রাতে না খেয়ে নদ্রা অবস্থায় উদ্ভূত পরিস্থিতি নিয়ে আলোচনা করতে থাকে। অপরপক্ষে আন্দোলনকারীরা রাতভর প্রশাসনিক ভবনের গেটে বক্তব্য, গান, নাটক ইত্যাদির মাধ্যমে কর্মসূচী অব্যাহত রাখে। এভাবে রাত পেরিয়ে সকাল হলেও আন্দোলনকারীরা তালা না খোলায় বেলা ১২টার দিকে প্রশাসনিক ভবনের সামনে শতাধিক পুলিশ মোতায়েন করা হয়। পুলিশের উপস্থিতি দেখে আন্দোলনকারীরা প্রথমে পুলিশ মোকাবেলা করার আভাস দিলেও পরবর্তীতে দুপুর ১টার সময় আগামী ৫ তারিখ পর্যন্ত আন্দোলন স্থগিত করে। এ সময় পুলিশ প্রহরায় ভিসিসহ সিন্ডিকেট সদস্যরা প্রশাসনিক ভবন থেকে বের হয়ে গাড়ীতে করে যার যার বাসায় চলে যায়। আগামী ৫ তারিখের মধ্যে সানোয়ার হোসেনের স্থায়ী বরখাস্ত ও নিপীড়ন বিরোধী নীতিমালা প্রণয়ন না করা হলে ঐ দিন থেকে বিশ্ববিদ্যালয় অচল করে দেবার ঘোষণা দেয়।

**শিক্ষক সমিতির নিন্দা ও বিচার দাবী**

এদিকে বিশ্ববিদ্যালয়ের প্রবীণ শিক্ষক ও সাবেক ভিসি অধ্যাপক কাজী সালেহ আহমেদ এবং বর্তমান ভিসি অধ্যাপক মুনিরুজ্জামানসহ সিন্ডিকেট সদস্যদের সাথে অমানবিক আচরণের প্রতিবাদ জানিয়েছে শিক্ষক সমিতি। গতকাল তাদেরকে অবরুদ্ধ করে রাখা অবস্থায় নতুন কলা ভবনে শিক্ষক সমিতি এক জরুরী সভার আহবান করে। সভায় বক্তারা দেশের প্রবীণ ও খ্যাতিমান শিক্ষকদের খাওয়া, ঘুম বন্ধ করে দিয়ে রাত ভর আটকে রাখাকে অমানবিক বলে আখ্যায়িত করে। তারা এই ঘটনার তীব্র নিন্দা জ্ঞাপন ও এর সাথে জড়িতদের বিচার দাবী করে। সভায় আন্দোলনকারীদের অমানবিক কার্যক্রম অব্যাহত থাকলে শিক্ষকরা শনিবার থেকে ক্লাস বন্ধ করে দেবার ঘোষণা দেয়।